হে আল্লাহর রাসূল! আমি এখনও ‘আসরের সালাত আদায় করতে পারিনি, এমন কি সূর্য অস্ত যাওয়ার উপক্রম হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন আল্লাহর শপথ! আমিও তা আদায় করিনি। অতঃপর আমরা উঠে বুতহানের দিকে গেলাম। সেখানে তিনি সালাতের জন্য উযূ করলেন এবং আমরাও উযূ করলাম; অতঃপর সূর্য ডুবে গেলে ‘আসরের সালাত আদায় করেন, তারপর মাগরিবের সালাত আদায় করেন।

জাবির ইব্নু ‘আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত যে, খন্দকের দিন সূর্য অস্ত যাওয়ার পর ‘উমার ইব্নু খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু এসে কুরাইশ গোত্রীয় কাফিরদের ভর্ৎসনা করতে লাগলেন এবং বললেন, “হে আল্লাহর রাসূল! আমি এখনও ‘আসরের সালাত আদায় করতে পারিনি, এমন কি সূর্য অস্ত যাওয়ার উপক্রম হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন আল্লাহর শপথ! আমিও তা আদায় করিনি। অতঃপর আমরা উঠে বুতহানের দিকে গেলাম। সেখানে তিনি সালাতের জন্য উযূ করলেন এবং আমরাও উযূ করলাম; অতঃপর সূর্য ডুবে
গেলে ‘আসরের সালাত আদায় করেন, তারপর মাগরিবের সালাত আদায় করেন”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

খন্দকের দিন সূর্য অস্ত যাওয়ার পর ‘উমার ইব্নু খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু রাসূলের নিকট আসেন যে অবস্থায় তিনি কুরাইশ গোত্রীয় কাফিরদের ভর্ৎসনা করতে ছিলেন। কারণ, তারা তাকে ‘আসরের সালাত আদায় করতে দেয়নি, এমন কি সূর্য অস্ত যাওয়ার উপক্রম হয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর শপথ করলেন অথচ তিনি পরম সত্যবাদী! তিনি এখনও সালাত আদায় করেনি যাতে উমার রাদিয়াল্লাহু ‘আনহু যে কারণে কষ্ট পাচ্ছিত সে বিষয়ে সে তৃপ্তি পায়। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের জন্য উযূ করলেন এবং সাহাবীগণও তার সাথে উযূ করলেন; অতঃপর সূর্য ডুবে যাওয়ার পর ‘আসরের সালাত আদায় করেন, অতঃপর আসরের সালাতের পর মাগরিবের সালাত আদায় করেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3450